মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬২৪২/১০৫৮ তারিখ: ১৪-১০-২০২৫ খ্রি.

বিষয়: যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন 'দেলুয়াবাড়ি মাধ্যমিক বিদ্যালয়'-এর সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) জনাব সালেহা খাতুন লতা-কে সাময়িক বরখাস্তের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) প্রধান শিক্ষক ও অ্যাডহক কমিটির সভাপতির ০৯-০৯-২০২৫ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-৩৪৬৪৯)।
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, মনিরামপুর, যশোরের ২৮-০৯-২০২৫ খ্রি. তারিখের ৩৭.০২.৪১৬১.০০১.০১.২০২৫/৩৮৫ নং স্মরকের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন 'দেলুয়াবাড়ি মাধ্যমিক বিদ্যালয়'-এর প্রধান শিক্ষক জনাব নিহার রঞ্জন রায় ও অ্যাডহক কমিটির সভাপতি জনাব মোঃ সাইফুল ইসলাম অত্র বিদ্যালয়ের সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) জনাব সালেহা খাতুন লতা-কে শৃঙ্খলা ভঙ্গ, প্রতিষ্ঠানের সুনাম ক্ষুন্ন করা ও শিক্ষার্থীদের পিটিয়ে আহত করায় সাময়িক বরখাস্তের অনুমতি চেয়ে আবেদন করেন। শিক্ষা বোর্ড হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর-কে বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য দায়িত্ব প্রদান করা হয়। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর তদন্তপূর্বক ২৮-০৯-২০২৫ খ্রি. তারিখে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তার তদন্ত প্রতিবেদনে সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) জনাব সালেহা খাতুন লতার বিরুদ্ধে শিক্ষার্থীদের নির্যাতনের বিষয়ে সত্যতা পান এবং উক্ত শিক্ষকের কারণে বিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হয় মর্মে মন্তব্য করেন। এমতাবস্থায়, বিজ্ঞ আইনজীবীর পরামর্শ অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অ্যাডহক কমিটির সভাপতির আবেদন এবং তদপ্রেক্ষিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর-এর তদন্ত প্রতিবেদনের আলোকে উক্ত বিদ্যালয়ের সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) জনাব সালেহা খাতুন লতা-কে সাময়িক বরখাস্তের অনুমতিসহ তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(ড. মোঃ কামরুজ্জামান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোনঃ ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি
অ্যাডহক কমিটি
দেলুয়াবাড়ি মাধ্যমিক বিদ্যালয় (১১৬১৭৮)
চালকিডাঙ্গা, মনিরামপুর, যশোর।

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬২৪২/১০৫৮ তারিখ: ১৪-১০-২০২৫ খ্রি.

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুলিপি দেওয়া হলোঃ</u>

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২) জেলা প্রশাসক, যশোর।
৩) জেলা শিক্ষা অফিসার, যশোর।
৪) উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর।
৬) সভাপতি, অ্যাডহক কমিটি, দেলুয়াবাড়ি মাধ্যমিক বিদ্যালয়, চালকিডাঙ্গা, মনিরামপুর, যশোর।
৭) প্রধান শিক্ষক, দেলুয়াবাড়ি মাধ্যমিক বিদ্যালয়, চালকিডাঙ্গা, মনিরামপুর, যশোর।
৮) অফিস কপি।

১৪/১০/২৫

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।